MARKING SCHEME

SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION: 2026

SUBJECT: BENGALI (105) **CLASS- XII** **SET: 4**

SERIES: RQ3SP **QP CODE: 5**

সময়: ৩ ঘন্টা সর্বমোট অঙ্ক: ৮০

TIME: 3 HOURS **MAXIMUM MARKS: 80**

উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত বিশেষ নির্দেশাবলী

1. **Central Board of Secondary Education (CBSE)** ২০২৬ সালের পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য দ্বাদশ শ্রেণির ক্ষেত্রে **On Screen Marking (OSM)** পদ্ধতি চালু করার সিদ্ধান্ত নিয়েছে।
2. আপনারা অবগত আছেন যে মূল্যায়ন হলো প্রকৃত ও সঠিক মান নির্ণয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং সঠিক পদ্ধতি। পরীক্ষার্থীর মূল্যায়নের ক্ষেত্রে কোনও সামান্য ত্রুটি গুরুতর সমস্যার সৃষ্টি করতে পারে যা পরীক্ষার্থীদের ভবিষ্যৎ তথা শিক্ষাব্যবস্থা এবং শিক্ষকতাকে প্রভাবিত করতে পারে। মূল্যায়ন শুরু করার আগে প্রত্যেককে অতি অবশ্যই **spot evaluation** সংক্রান্ত নির্দেশিকাগুলি মনোযোগ সহকারে পড়তে এবং বুঝতে অনুরোধ করা হচ্ছে।
3. মূল্যায়ন পদ্ধতি সংক্রান্ত নীতিটি একান্ত গোপনীয় কারণ এটি পরীক্ষা পদ্ধতির গোপনীয়তা, মূল্যায়ন এবং আরো অন্যান্য বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত। কোনও ভাবে জনসাধারণের কাছে এটি প্রকাশিত হয়ে পড়লে তা পরীক্ষা ব্যবস্থার মূল উদ্দেশ্যকে ব্যাহত করবে এবং লক্ষ লক্ষ পরীক্ষার্থীর জীবন ও ভবিষ্যৎ এতে প্রভাবিত হবে। এই সংক্রান্ত নীতি বা তথ্য, কোনও পত্রিকায়/সংবাদপত্রে/ওয়েবসাইটে প্রকাশিত হলে বোর্ড এবং **IPC**–এর অধীনে বিবিধ পদক্ষেপ গ্রহণ করা হতে পারে ।
4. মূল্যায়ন প্রকল্পে **(Marking Scheme)** প্রদত্ত নির্দেশাবলী অনুসরণে মূল্যায়ন বাঞ্ছনীয়। এটি কারোর নিজস্ব বিচার-বিশ্লেষণ দ্বারা চালিত হওয়া উচিত নয়। মূল্যায়ন প্রকল্প কঠোর এবং নিয়মনিষ্ঠ ভাবে অনুসরণ করতে হবে। তবে সাম্প্রতিক তথ্য, জ্ঞান বা উদ্ভাবনী ক্ষমতার উপর ভিত্তি করে পরিবেশিত উত্তরগুলি তার যাথার্থ্য অনুসারে মূল্যায়িত হবে এবং এক্ষেত্রে তাতে উপযুক্ত নম্বর দেওয়া হবে। দ্বাদশ শ্রেণিতে দক্ষতাভিত্তিক প্রশ্নের উত্তর মূল্যায়নের ক্ষেত্রে অনুগ্রহ করে প্রদত্ত উত্তরটি বোঝার চেষ্টা করতে হবে এবং উত্তরটি যদি মূল্যায়ন প্রকল্প অনুসারী নাও হয় তার যাথার্থ্য অনুসারে সেটির উপযুক্ত মূল্যায়ন করতে হবে।
5. উপস্থিত মূল্যায়ন প্রকল্পে **(Marking Scheme)** উত্তর সমূহের মানবিন্দুই **(Value-Point)** প্রস্তাবিত হয়েছে মাত্র। এই **value-point**-গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসেবে নয়, প্রত্যাশিত উত্তরের দিগ্‌দিশারী **(Guidelines)**

হিসেবেই গণ্য করা যায়। পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মতো করে উত্তর দিতে পারে এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।

6. মূল্যায়ন প্রকল্পে প্রদত্ত নির্দেশাবলী অনুযায়ী যথাযথ মূল্যায়ন হয়েছে কি না সেটি সুনিশ্চিত করতে প্রধান পরীক্ষক অবশ্যই প্রথম দিন প্রত্যেক পরীক্ষকের প্রথম পাঁচটি উত্তরপত্র ভালো ভাবে দেখে নেবেন। যদি কোনো মতপার্থক্য থাকে তাহলে আলোচনার মাধ্যমে তা দূর করে সহমত হতে হবে। প্রত্যেক পরীক্ষকের মূল্যায়িত উত্তরপত্রের মূল্যায়ন পদ্ধতিতে কোনো ভিন্নতা নেই- এই বিষয়টি সুনিশ্চিত করার পরই অবশিষ্ট উত্তরপত্র মূল্যায়ন করতে দেওয়া হবে।

7. পরীক্ষক সঠিক উত্তরে (√) চিহ্ন দেবেন। ভুল উত্তরে (X) চিহ্ন অঙ্কিত করা হবে। পরীক্ষক উত্তরপত্রে এমন কোনো (√) চিহ্ন দেবেন না যাতে এই ধারণা হয় যে উত্তরটি সঠিক অথচ তা মূল্যায়িত হয়নি। এই সাধারণ ভুলটি পরীক্ষকরা প্রায়শই করে থাকেন।

8. যদি কোনো প্রশ্নের একাধিক অংশ থাকে, তবে প্রতিটি অংশের জন্য OSM পোর্টালে ডান দিকের পাশে নম্বর প্রদান করতে হবে। প্রশ্নের বিভিন্ন অংশে দেওয়া নম্বরগুলি **OSM** সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে যোগ করে নেবে।

9. যদি কোনো প্রশ্নের কোনো অংশ না থাকে, তবে সেই প্রশ্নের নম্বর **OSM** পোর্টালে বাম দিকের মার্জিনে দিতে হবে। এই নির্দেশটি কঠোরভাবে অনুসরণ করা আবশ্যক।

10. পরীক্ষার্থী প্রয়োজনের অতিরিক্ত প্রশ্নের উত্তর লিখলে, অপেক্ষাকৃত বেশি নম্বর পেতে পারে তেমন উত্তরটিকে রেখে অপেক্ষাকৃত কম নম্বর প্রাপ্ত উত্তরটির ক্ষেত্রে "অতিরিক্ত উত্তর" **(Extra Answer)** বলে লিখে দিতে হবে।

11. উত্তরে কোনও ভুলের পুনরাবৃত্তি হলে তার জন্য মাত্র একবারই নম্বর কাটা হবে। একই ভুলের জন্য একাধিক বার নম্বর কাটা যাবে না।

12. প্রশ্নপত্রে প্রদত্ত পূর্ণমানের কাঠামোটি_ (উদাহরণ স্বরূপ: **0-80/70/60/50/40/30**) যথাযথভাবে অনুসরণ করতে হবে। উত্তরের যাথার্থ্য অনুসারে পূর্ণমান প্রদান করতে পরীক্ষক দ্বিধাগ্রস্ত হবেন না।

13. প্রত্যেক পরীক্ষককে অবশ্যই পূর্ণ সময়ের জন্য অর্থাৎ প্রতিদিন আট (৮) ঘন্টা মূল্যায়ন কার্য করতে হবে এবং প্রধান বিষয় হলে ২০টি এবং অন্যান্য বিষয় হলে ২৫টি করে উত্তরপত্র (প্রতিদিন) মূল্যায়ন করতে হবে। **(Spot Guidelines** বা ক্ষেত্রীয় নির্দেশিকায় এ বিষয়ে বিস্তারিত নির্দেশ থাকবে)। পাঠ্যসূচী ও প্রশ্নের সংখ্যা কমে যাওয়ায় এই সিদ্ধান্ত।

14. পরীক্ষকের দ্বারা নিম্নলিখিত ত্রুটিগুলি হচ্ছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হতে হবে :

- উত্তরটি সঠিক বলে চিহ্নিত করা হয়েছে অথচ মূল্যায়ন করা হয়নি। (সঠিক এবং স্পষ্ট ভাবে [√] চিহ্ন দেওয়া হয়েছে তা নিশ্চিতকরণ। ভুল উত্তরেও অনুরূপ ভাবে [X] চিহ্ন প্রদান।)

- কোনও একটি উত্তর আংশিক ভাবে শুদ্ধ বলে চিহ্নিতকরণ কিন্তু বাকি অংশ ভুল হিসেবে চিহ্নিত হওয়ার কারণে কোনও নম্বর প্রদান না করা।

15. উত্তর সম্পূর্ণ ভুল হলে মূল্যায়নের সময় সেই ভুল উত্তরের উপর (X) চিহ্ন অঙ্কিত করতে হবে এবং সেই উত্তরের জন্য যথাস্থানে "0" **(Zero)** নম্বর চিহ্নিত করতে হবে।

16. মূল্যায়ন কার্য শুরু করার আগে ক্ষেত্রীয় মূল্যায়ন **(Spot Evaluation)** সংক্রান্ত নির্দেশিকার সঙ্গে পরীক্ষকদের বিশেষ ভাবে পরিচিত হওয়া প্রয়োজন।

17. পরীক্ষার্থীরা আবেদনের দ্বারা নির্ধারিত প্রক্রিয়াকরণ অর্থমূল্য **(Processing Fee)** প্রদানের মাধ্যমে উত্তরপত্রের প্রতিলিপি পাবার অধিকারী। এই কারণে সমস্ত পরীক্ষক/অতিরিক্ত প্রধান পরীক্ষক/প্রধান পরীক্ষককে পুনরায় অবগত করা হচ্ছে যে তাঁরা যেন উত্তরপত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমী রূপে **Marking Scheme**-এ প্রস্তাবিত **Value Point** অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে, সে ব্যাপারে অবশ্যই সুনিশ্চিত থাকেন।

18. কোনো প্রশ্নে যেখানে দু'টি বিকল্প/অপশন দেওয়া থাকে এবং পরীক্ষার্থীর শুধুমাত্র একটি বিকল্পের উত্তর দেওয়ার কথা, সেখানে যদি পরীক্ষার্থী দু'টি বিকল্পেরই উত্তর দেন, তবে মূল্যায়নকারী দু'টি বিকল্পের উত্তরেই নম্বর দেবেন। সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে দু'টি নম্বরের মধ্যে যেটি বেশি, সেটি গ্রহণ করবে এবং অন্যটি বাতিল করবে।

19. কোনো প্রশ্নে যদি দু'টি বিকল্প/অপশন থাকে এবং পরীক্ষার্থী শুধুমাত্র একটি বিকল্পের উত্তর দেন, তবে যে বিকল্পটির উত্তর দেওয়া হয়নি তার বিপরীতে মূল্যায়নকারীকে **"NA" (Not Attempted)** লিখে চিহ্নিত করতে হবে।

MARKING SCHEME

SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION: 2026

SUBJECT: BENGALI (105) **CLASS- XII** **SET: 4**

SERIES: RQ3SP **QP CODE: 5**

সময়: ৩ ঘন্টা সর্বমোট অঙ্ক: ৮০

TIME: 3 HOURS **MAXIMUM MARKS: 80**

General Instructions:

সাধারণ নির্দেশাবলী:

1. **The Marking Scheme contains 19 printed pages**
   এই মূল্যায়ন নির্দেশিকায় ১৯টি মুদ্রিত পৃষ্ঠা আছে।
2. **The Marking scheme contains solution of 17 questions**
   এই মূল্যায়ন নির্দেশিকায় ১৭টি প্রশ্নের উত্তর-সংকেত আছে।
3. **The question paper is divided into two parts.**
   প্রশ্নপত্রটি দু'টি ভাগে বিভক্ত।

PART -	**A**	**: Objective type questions (MCQ)**	**: 25 Marks**
ভাগ -	**A**	**: বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (MCQ)**	**: 25 নম্বর**
PART -	**B**	**: Descriptive type questions**	**: 55 Marks**
ভাগ -	B	**: বর্ণনামূলক প্রশ্ন**	**: 55 নম্বর**

4. **PART – A has three sections :**
   ভাগ - **A – তে তিনটি বিভাগ বর্তমান :**

Section –	**A**	**: Reading (Unseen Comprehension)**	**: 10 Marks**
বিভাগ -	**A**	**: পঠন (অপঠিত গদ্যাংশের বোধপরীক্ষণ)**	**: 10 নম্বর**
Section –	**B**	**: Grammar**	**: 05 Marks**
বিভাগ –	**B**	**: ব্যাকরণ**	**: 05 নম্বর**
Section –	**C**	**: Main Course Book / Supplementary Reader**	**: 10 Marks**
বিভাগ -	**C**	**: মূল পাঠ্যপুস্তক / সম্পূরক পাঠ**	**: 10 নম্বর**

PART – B has three sections :

ভাগ – **B – তে তিনটি বিভাগ বর্তমান:**

Section –	**B**	**: Grammar**	**: 8 Marks**
বিভাগ -	**B**	**: ব্যাকরণ**	**: 8 নম্বর**
Section –	**C**	**: Main Course Book / Supplementary Reader**	**: 35 Marks**
বিভাগ -	**C**	**: মূল পাঠ্যপুস্তক / সম্পূরক পাঠ**	**: 35 নম্বর**
Section –	**D**	**: Creative Writing**	**: 12 Marks**
বিভাগ -	**D**	**: সৃজনমূলক লিখন**	**: 12 নম্বর**

MARKING SCHEME

SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION: 2026

SUBJECT: BENGALI (105) **CLASS- XII** **SET: 4**

SERIES: RQ3SP **QP CODE: 5**

সময়: ৩ ঘন্টা সর্বমোট অঙ্ক: ৮০

TIME: 3 HOURS **MAXIMUM MARKS: 80**

PART A : Objective Type Questions (MCQ)

ভাগ - A : বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (MCQ)

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
	Section - A (Reading) (Unseen Comprehension)		
Q.1.	প্রদত্ত দু'টি অনুচ্ছেদ থেকে নির্বাচনমূলক প্রশ্নের উত্তর (MCQ)		2x(5x1)=10
Q.1.A.	I. (D)	একই সঙ্গে ভয় ও আনন্দ পাচ্ছেন।	
	II. (C)	এই রাইফেল দিয়ে বাঘ মারা সম্ভব কিনা।	
	III. (A)	পিছন দিক থেকে আক্রমণ করা।	
	IV. (C)	মন্তব্য (ক) ও মন্তব্য (খ) দুটোই ঠিক।	
	V. (D)	সমর্থন।	
Q.1.B.	I. (C)	গগনেন্দ্রনাথের জন্য আলাদা করে রাজার পার্ট লিখতেন।	
	II. (B)	মনেই হত না তিনি অভিনয় করছেন।	
	III. (C)	কিছুদিনের মধ্যেই বুঝলেন এদেশে ওই প্রথা নিরর্থক।	
	ও (D)	ফুরফুরে দক্ষিণের হাওয়া খেতে খেতে চলল ছবি আঁকা। - (দু'টি বিকল্পই গ্রহণযোগ্য)	
	IV. (A)	মন্তব্য (ক) ঠিক, কিন্তু মন্তব্য (খ) ভুল।	
	V. (B)	চওড়া চৌকিতে পা গুটাইয়া বসিলেন দক্ষিণের বারান্দায়।	
Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
	Section - B (Grammar)		
Q.2.	বাগ্‌ধারা / প্রবাদ থেকে - নির্বাচনমূলক প্রশ্নের উত্তর (MCQ) (যে কোনো পাঁচটি)		
Q.2.	I. (A)	মিছরির ছুরি।	5x1=5
	II. (D)	অমন অকালকুষ্মাণ্ড ছেলে হয়েছে, একে দিয়ে কোন ভালো কাজ করাতে পারবে না।	
	III. (B)	শেষ হয়ে আসা কাজ নষ্ট করা।	

	IV. (A) V. (D) VI. (D) VII. (A) VIII. (B)	ভস্মে ঘি ঢালা। কেঁচে গণ্ডূষ। কৃপণের কাছে কিছু চাইতে যাওয়া অরণ্যে রোদন ছাড়া কিছুই নয়। স্মিতার "আঠারো মাসে বছর", সে অতি দেরি করে শেষ করবে। ভিন্ন পরিবেশেও স্বভাব অপরিবর্তনীয়।	

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
	Section - C (Main Course Book/Supplementary Reader)		
Q.3.	পাঠ্য নাটক থেকে নির্বাচনমূলক প্রশ্নের উত্তর (MCQ) (যে কোনো পাঁচটি)		
Q.3.	I. (A) II. (D) III. (A) IV. (B) V. (B) VI. (A)	ঔরঙ্গজেব। সমবয়সীরা। মন্তব্য (ক) ঠিক, (খ) ভুল। অভিমান। যিনি মঞ্চের পাশ থেকে সংলাপ ধরিয়ে দেন। রজনীকান্ত।	5x1=5

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
Q.4	পাঠ্য সহায়ক পাঠ থেকে নির্বাচনমূলক প্রশ্নের উত্তর (MCQ) (যে কোনো পাঁচটি)		
Q.4.	I. (A) II. (A) III. (D) IV. (C) V. (B) VI. (C)	তারা লড়াই করে নিজের অধিকার বুঝে নিয়েছে। (ক) ঠিক, (খ) ভুল। চা বাগানে। জমিদার জিতে গেলেও এই অন্যায় আর চলবে না বুঝতে পারল। ধানক্ষেত। খনির ভিতরে।	5x1=5

PART- B (Descriptive Type Questions)

ভাগ – B : বর্ণনামূলক প্রশ্ন

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
	Section - B (Grammar)		
Q.5.		ধ্বনিবিজ্ঞান থেকে যে কোনো একটির দু'টি উদাহরণসহ সংজ্ঞা: স্বরসঙ্গতি অথবা অভিশ্রুতি অথবা অপিনিহিতি • স্বরসঙ্গতি: বাংলায়, বিশেষ করে চলিত বা মৌখিক বাংলায় কোনো কোনো শব্দে পূর্বস্বরের প্রভাবে পরবর্তী স্বরধ্বনির এবং পরবর্তী স্বরের প্রভাবে পূর্ববর্তী স্বরধ্বনির যে লক্ষণীয় পরিবর্তন হয়, বাংলায় উচ্চারণগত এই বিশিষ্ট রীতিকে স্বরসঙ্গতি বলা হয়। উদাহরণ - বিলাত > বিলেত, ইচ্ছা > ইচ্ছে অথবা • অভিশ্রুতি: অপিনিহিতি-জাত 'ই'-কার বা 'উ'-কার (কিংবা 'উ'-কার থেকে জাত 'ই'-কার) এক বিশেষ সন্ধির নিয়মে পূর্ববর্তী স্বরধ্বনির সঙ্গে মিলিত হয়ে তার রূপের যে পরিবর্তন ঘটায়, স্বরধ্বনির সেই পরিবর্তনকেই অভিশ্রুতি বলে। উদাহরণ - করিয়া > কইর‍্যা > ক'রে / করে পটুয়া > পউটুয়া > প'টো / পটো অথবা • অপিনিহিতি: শব্দের মধ্যে বা শেষে ব্যঞ্জনযুক্ত কোনো 'ই'-কার বা 'উ'-কার থাকলে তাকে ব্যঞ্জনটির অব্যবহিত পূর্বেই উচ্চারণ করে ফেলবার রীতিকে অপিনিহিতি বলে। উদাহরণ - সাধু > সাউধ, আজি > আইজ • সঠিক সংজ্ঞায় ২ নম্বর। • উৎস শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণের জন্য 1 নম্বর। • সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটির শুধুমাত্র উল্লেখ করলে প্রতিটি উদাহরণের জন্য - (0.5) নম্বর।	(2+2)x1=4

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.6.	শব্দার্থতত্ত্বের প্রকারভেদগুলির যে কোনো একটির তিনটি উদাহরণসহ সংজ্ঞা। শব্দার্থের সংকোচন অথবা শব্দার্থের উৎকর্ষ শুধু সংজ্ঞাটিকে সঠিক ভাবে লিখলে 2 নম্বর। তিনটি উদাহরণের জন্য 2 নম্বর। [শব্দের মূল অর্থ ও পরিবর্তিত অর্থ উল্লেখ করলে একটি উদাহরণের জন্য 1 নম্বর। বাকি দু'টি উদাহরণের ক্ষেত্রে অর্থ না লিখলেও প্রতিটি উদাহরণের জন্য 0.5+0.5 নম্বর দেওয়া হবে।] শব্দার্থের উৎকর্ষ - সংজ্ঞা: শব্দ যেখানে মূল অর্থ পরিত্যাগ করে উন্নততর অর্থ বহন করে, সেখানে শব্দার্থের উৎকর্ষ হয়েছে বলা হয়। উদাহরণ: 'সম্ভ্রান্ত' - মূল অর্থ 'সম্যক রূপে ভ্রান্ত', প্রচলিত অর্থ 'মর্যাদাসম্পন্ন'। 'মার্জনা' - মূল অর্থ 'পরিষ্কার করা', প্রচলিত অর্থ 'ক্ষমা'। 'মন্দির' - মূল অর্থ 'শয়নগৃহ', পরিবর্তিত অর্থ 'দেবালয়'। অথবা শব্দার্থের সংকোচন – সংজ্ঞা: শব্দের মূল অর্থটি যখন সঙ্কুচিত হয়, তখন তাকে বলে শব্দার্থের সংকোচন। উদাহরণ: 'স্নেহ' শব্দটির মূল অর্থ ছিল 'যে-কোনো ধরনের প্রীতি'। পরিবর্তিত অর্থ 'কনিষ্ঠে প্রীতি'। 'অন্ন' শব্দটির মূল অর্থ 'যে কোনো খাদ্য'। পরিবর্তিত অর্থ 'ভাত'। 'মৃগ' শব্দটির মূল অর্থ 'যে কোনো পশু'। পরিবর্তিত অর্থ 'হরিণ'।	(2+2)x1=4

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
	Section - C (Main Course Book / Supplementary Reader)	
Q.7.	"মৃত্যুঞ্জয়ের বাড়ির অবস্থা শোচনীয়" উত্তর-সংকেত: গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত) [2 নম্বর] a) মৃত্যুঞ্জয়ের পরিচয় - মানিক বন্দ্যোপাধ্যায় রচিত 'কে বাঁচায়, কে বাঁচে' গল্পে - • কেন্দ্রীয় চরিত্র মৃত্যুঞ্জয় সৎ, সরল, নিরীহ সংবেদনশীল, কল্পনাপ্রবণ, নির্দিষ্ট আদর্শবাদের বাহক অথচ সমকালীন সমস্যার বাস্তব সমাধানসূত্র অন্বেষণে ব্যর্থ মধ্যবিত্ত শ্রেণির একটি চরিত্র। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 1.5 থেকে 2 নম্বর পাবে) b) মৃত্যুঞ্জয়ের বাড়ির শোচনীয় অবস্থার কারণ - [3 নম্বর] • মন্বন্তরজনিত অনাহারে মৃত্যু দেখে অনুশোচনায় দগ্ধ মৃত্যুঞ্জয় তার মাইনের সব টাকা ত্রাণ তহবিলে দান করে দেয়, সস্ত্রীক একবেলা না খেয়ে সেই খাবার অভুক্তদের মধ্যে বিলিয়ে দেয় এবং অন্নপ্রার্থীদের সঙ্গে ভিড়ে সামিল হয়। • স্বামীর আদর্শের অনুসারী টুনুর মা অর্ধাহারে শয্যাশায়ী হয়ে পড়ে এবং বাড়ির পুরুষ সদস্যদের সকলকে তাগাদা দিয়ে মৃত্যুঞ্জয়ের সন্ধানে বাইরে পাঠায়। • ছেলেমেয়েগুলি অনাদরে, অবহেলায়, ক্ষুধার জ্বালায় চিৎকার করে কাঁদে। মৃত্যুঞ্জয়ের অনুপস্থিতিতে তার পরিবার এই শোচনীয় পরিস্থিতির সম্মুখীন হয়। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে) অথবা "লক্ষ্মী না আসতে সেধে ভাসান যাচ্ছে তা কাঁদব না এতটুকু? আমরা খাব কি?" a) 'লক্ষ্মী' অর্থ - [2 নম্বর] মহাশ্বেতা দেবী রচিত 'ভাত' গল্পে – • 'লক্ষ্মী' অর্থে ধান বা ফসলকে বোঝানো হয়েছে। • এই ফসলই কৃষকদের জীবন ও জীবিকার সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত এবং সমৃদ্ধির প্রতীক। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 1.5 থেকে 2 নম্বর পাবে)	2+3=5

		b) বক্তা বোঝাতে চেয়েছেন - [3 নম্বর] • ভূমিহীন কৃষক উচ্ছব নাইয়া কাজ করত সতীশ মিস্তিরির জমিতে। সেই বছর ধান গাছে গোছ আসার আগেই ধান গাছের সবুজ রঙ চলে যায় – কার্তিক মাসেই ধান খড় হয়ে যায়। • সতীশ মিস্তিরির হরকুল, পাটনাই, মোটা - তিনরকম ধানেই মড়ক লাগে - যার ধানজমিতে কাজ করেই উচ্ছবের সংসার মূলত প্রতিপালিত, তার ধানে মড়ক লাগলে বেঁচে থাকার মূল অবলম্বনটিই অনেকাংশে অনিশ্চিত হয়ে পড়ে। • 'অন্ন' তথা 'লক্ষ্মী'র আবাহনের আগেই তার অকাল বিসর্জনে উচ্ছব কান্নায় ভেঙে পড়ে – গ্রামের মানুষের কাছে ফসলই লক্ষ্মী। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে)	
Q.No.		Expected Answers / Value Points	Distribution of Marks
Q.8.		উত্তর-সংকেত : বুড়ি, ঘুরে বলল - "তোরা মর্, তোদের শত গুষ্টি মরুক। " বুড়ির আচরণের কারণ - সৈয়দ মুস্তাফা সিরাজ রচিত 'ভারতবর্ষ' গল্পে – • দুরন্ত শীতের অকাল দুর্যোগে গ্রামের চায়ের দোকানে এক বৃদ্ধার আগমন উপস্থিত জনতাকে বিস্মিত ও কৌতূহলী করে তোলে। • বুড়ির আগমন কোথা থেকে - এই প্রশ্ন উত্থাপন এবং পরবর্তী পারস্পরিক কথোপকথনে বৃদ্ধা উত্যক্ত হয় । • উপস্থিত জনতা বিদ্রূপাত্মক ভঙ্গিতে অকাল দুর্যোগে তাঁর মৃত্যুর আশঙ্কা প্রকাশ করলে ক্ষিপ্ত হয়ে বৃদ্ধার এই তীব্র প্রতিক্রিয়া। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 নম্বর পাবে)	2
Q.No.		Expected Answers / Value Points	Distribution of Marks
Q.9.		উত্তর-সংকেত : গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত)	3

		"তর্কাতর্কি উত্তেজনা হল্লা চলতে থাকল। তারপর দেখা গেল একদল লোক সেই বাঁশের চ্যাংদোলাটা নিয়ে টানাটানি শুরু করেছে।" ঘটনার প্রেক্ষিত - সৈয়দ মুস্তাফা সিরাজ রচিত 'ভারতবর্ষ' গল্পে – • শীতের অকাল বৃষ্টিতে গ্রামের বাজারে এক পরিচয়হীন বৃদ্ধার আগমন ঘটে। • ঘটনাক্রমে বৃদ্ধার মৃতদেহ আবিষ্কারের পর তার শবদেহের ওপর ধর্মীয় অধিকার কায়েম করার জন্য হিন্দু - মুসলমান উভয় পক্ষই নিশ্চিত প্রমাণ উপস্থিত করতে তৎপর হয়। • বিবাদ, তর্কাতর্কি, উত্তেজনা চরম আকার ধারণ করে পারিপার্শ্বিক পরিবেশকে প্রভাবিত করে। (সবক'টি তথ্য নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 3 নম্বর পাবে) অথবা "উনি হলেন দেবতার সেবিকা" - 'দেবতার সেবিকা'র পরিচয় – মহাশ্বেতা দেবী রচিত 'ভাত' ছোটগল্পে - • 'দেবতার সেবিকা' হলেন গল্পে উল্লিখিত শহরের বড়ো বাড়ির বুড়ো কর্তার অবিবাহিতা মেয়ে অর্থাৎ বড়ো পিসিমা - যিনি সংসারের সর্বময়ী কর্ত্রী। • লোকশ্রুতি অনুসারে বুড়ো কর্তার স্ত্রী বিয়োগের পর সংসারের দেখাশোনা করার জন্যই নাকি তাঁর বিয়ে দেওয়া হয়নি - ওঁর বিয়ে হয় ঠাকুরের সঙ্গে। • তিনি প্রখর বাস্তববুদ্ধিসম্পন্না, আচারনিষ্ঠ, নেতৃত্বদানের অধিকারিণী – সংসারের সবকিছুই তাঁর নিয়ন্ত্রণাধীন। (শুধু 'বড়ো পিসিমা' উল্লেখ করলে 1 নম্বর) (সবক'টি তথ্য নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 3 নম্বর পাবে)	
Q.No.		Expected Answers / Value Points	Distribution of Marks
Q.10.		প্রসঙ্গসহ ব্যাখ্যা (অথবা যুক্ত) মূল্যায়ন নীতি - • উৎস - সূত্র নির্ভুল থাকলে 1 নম্বর।	5

- প্রসঙ্গ যথাযথ উল্লেখ করলে 1 নম্বর।
- ব্যাখ্যা এবং উপস্থাপনার মান অনুযায়ী - 1 থেকে 3 নম্বর দেওয়া যাবে।

উত্তর-সংকেত:

"জানিলাম এ জগৎ স্বপ্ন নয়"-

উৎস: কবিতা – 'রূপনারানের কূলে', কবি - রবীন্দ্রনাথ ঠাকুর, । [1 নম্বর]

প্রসঙ্গ: জীবনের প্রবহমানতায় সত্যস্বরূপের উপলব্ধি প্রসঙ্গে..... [1 নম্বর]

ব্যাখ্যা:

- জীবনের উপান্তে পৌঁছে মোহমুক্ত কবির জগৎ ও জীবন সম্পর্কে সত্যোপলব্ধি।
- কবি বাস্তবের মর্মান্তিক আঘাত ও বেদনায় বিদ্ধ হয়ে জীবনের রূপ – রস – গন্ধ – বর্ণের প্রাথমিক বিস্ময়াবেশ কাটিয়ে উঠেছেন।
- সামাজিক ও রাজনৈতিক সঙ্কট, ব্যক্তিগত মৃত্যুশোক কবিকে সত্যের মুখোমুখি দাঁড় করিয়েছে। স্বপ্ন, কল্পনা নয় - বরং দুঃখ ও যন্ত্রণাকে স্বীকার করে, আঘাতে, সংঘাতে বেদনায় বিদ্ধ হয়ে কবির এই আত্মস্বরূপের উপলব্ধি ঘটে।

(নিজের ভাষায় গুছিয়ে লিখলে 2 থেকে 3 নম্বর পাবে)

অথবা

"গাছ আনো, বাগানে বসাও"

উৎস: কবিতা - 'আমি দেখি', কবি - শক্তি চট্টোপাধ্যায়, । [1 নম্বর]

প্রসঙ্গ: নগর জীবনের যান্ত্রিকতায় ক্লান্ত কবির বৃক্ষের নিবিড় সান্নিধ্যলাভের আকাঙ্ক্ষা প্রসঙ্গে এই উক্তি। [1 নম্বর]

ব্যাখ্যা:

- নগরভিত্তিক সভ্যতার অগ্রগতিতে ঘটে সবুজের অনটন।
- শারীরিক সতেজতা ও মানসিক সুস্থতার জন্য সবুজের বিস্তার আবশ্যক বলে কবির বিশ্বাস।
- অরণ্যের বিস্তৃতি শহরে সম্ভব নয় বলেই কবি গৃহ সংলগ্ন বাগানে গাছের সাহচর্য চেয়েছেন।

(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.11.	কবিতা থেকে প্রশ্ন (অথবা যুক্ত) উত্তর-সংকেত: সমাজ ও মূল্যবোধের কথা বলার কারণ - • সমাজকল্যাণে শিল্প ও সাহিত্যের দায়বদ্ধতা প্রসঙ্গে কবি মৃদুল দাশগুপ্ত 'ক্রন্দনরতা জননীর পাশে' কবিতায় নিজের অবস্থান স্পষ্ট করেছেন। • সামাজিক জীবরূপে বিপন্ন সময়ে মানুষের উপস্থিতিই হল অন্যতম বলিষ্ঠ সহায়ক – শিল্পমাধ্যম তার অন্যতম হাতিয়ার। • জন্মভূমির সংকটময় মুহূর্তে মূল্যবোধ ও বিবেকের জাগরণের মধ্য দিয়ে ঘটে কাঙ্ক্ষিত পালাবদল। সৃজনশীলতা ও শিল্পকর্মের দ্বারা সেই মূল্যবোধের জাগরণ সম্ভব। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে) অথবা সত্যকে কঠিন বলার কারণ - রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'রূপনারানের কূলে'- কবিতায় • সমগ্র জীবনব্যাপী দুঃখের তপস্যার মাধ্যমেই সত্যানুসন্ধানের পথ আলোকিত হয়। • রূঢ় বাস্তবের অভিঘাতে কবি সেই সত্যের স্বরূপকে উপলব্ধি করেছেন। • সত্য চিরন্তন, শাশ্বত, নির্মম - কিন্তু বঞ্চনাহীন, তাই তা সুকঠিন হলেও বরণীয়। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)	3
Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.12. (I)	আন্তর্জাতিক কবিতা থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত) উত্তর-সংকেত: "সোনা ঝকঝকে লিমা যারা বানিয়েছিল তারা থাকত কোন বাসায়?" a) লিমার বিবরণ - বের্টোল্ট ব্রেখ্‌ট রচিত শঙ্খ ঘোষ অনূদিত 'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন' কবিতায় উল্লিখিত 'লিমা' - • দক্ষিণ আমেরিকার পেরুর রাজধানী। • সংস্কৃতি, ব্যবসা-বাণিজ্য, প্রশাসনিক কাজকর্মের পীঠস্থান।	2+3=5

- কথিত আছে ‘লিমা’র প্রাসাদগুলি ছিল সোনার পাতে মোড়া।
- সবদিক থেকেই শহরটি ছিল সোনার মতন উজ্জ্বল।

(প্রাসঙ্গিক তথ্যগুলি উল্লেখ করলে 1.5 থেকে 2 নম্বর পাবে)

b) কবির বক্তব্য -

- প্রথাগত ইতিহাস শুধুমাত্র তথাকথিত রাজা-মহারাজাদের গৌরবগাথায় মুখরিত।
- ‘সোনা ঝকঝকে লিমা’ গড়ে তুলেছিল যে নির্মাণশিল্পীরা ইতিহাস তাদের নির্মম উপেক্ষায় বর্জন করেছে। সামান্য স্বীকৃতিটুকুও তাদের মেলেনি।
- সভ্যতার যারা নেপথ্য কারিগর তাদের প্রতি ইতিহাসের এই পক্ষপাতদুষ্ট আচরণ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করতেই কবি ব্রেখ্‌ট অধিকার সচেতন শিক্ষিত মজুরের জবানীতে এই প্রশ্ন উত্থাপন করেছেন।

(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)

অথবা

(II) “পাতায় পাতায় জয় জয়োৎসবের ভোজ বানাত কারা?”

a) ভোজ বানাত -

বের্টোল্ট ব্রেখ্‌ট রচিত ‘পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন’ কবিতায় -

- জয়োৎসবের ভোজ বানানোর কাজে যুক্ত থাকত সাধারণ কারিগর বা শ্রমজীবী মানুষ।
- দিগ্বিজয়ী কীর্তিমানদের বিজয় গৌরবকে সাফল্যমণ্ডিত করতে এই সাধারণ মানুষের অবদান অনস্বীকার্য।

(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 1.5 থেকে 2 নম্বর পাবে)

b) কবি যে বিষয়ে প্রশ্ন তুলেছেন -

- যুদ্ধে জয়লাভের পর রাজা যখন বিজয়োৎসব উদ্‌যাপনের জন্য ভোজসভার আয়োজন করতেন সেখানে যারা ভোজ বানানোর কাজে নিযুক্ত থাকত প্রচলিত ইতিহাসে তারা অবহেলিত, উপেক্ষিত।
- সভ্যতার অগ্রগতির পথে শ্রমিকদের আত্মত্যাগের অবদান যদি স্মরণে রাখা না যায় তবে মানবসভ্যতার ইতিহাস হবে ভ্রান্ত ও বিকৃত।
- সমাজের বিবেকের কাছে সচেতন মজুরের এই প্রশ্ন আদতে স্বাধিকার প্রতিষ্ঠার দাবি।

(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)

Q.No.		Expected Answers / Value Points	Distribution of Marks
Q.13. (I)		নাটক থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত প্রশ্ন) উত্তর-সংকেত: "থিয়েটারের দেওয়ালে দেওয়ালে অঙ্গারের গভীর কালো অক্ষরে লেখা আমার জীবনের পঁয়তাল্লিশটা বছর" a) বক্তার পরিচয় - • অজিতেশ বন্দ্যোপাধ্যায় রচিত 'নানা রঙের দিন' নাটকে বক্তা – নাটকের প্রধান চরিত্র আটষট্টি বছর বয়সী থিয়েটার অভিনেতা রজনীকান্ত চট্টোপাধ্যায়। রাঢ়ের সবচেয়ে প্রাচীন ভদ্র ব্রাহ্মণ বংশে তাঁর জন্ম। • শিল্পকে ভালোবেসে পুলিশের চাকরি ছেড়ে তিনি সুদীর্ঘ পঁয়তাল্লিশ বছর ধরে নাট্যজগতের সঙ্গে সম্পৃক্ত। (এই মর্মে উত্তর লিখলে 1.5 থেকে 2 নম্বর পাবে। শুধু রজনীকান্ত চট্টোপাধ্যায় লিখলে 1 নম্বর পাবে) b) প্রসঙ্গ ও উক্তিটির অর্থ - • পঁয়তাল্লিশ বছরের অভিনয় জীবনের শেষ পর্বে এসে শূন্য মঞ্চে দাঁড়িয়ে মদ্যপ অবস্থায় সামনের দেওয়ালে অঙ্গারের কালিতে প্রত্যক্ষ করেন ফেলে আসা জীবনকে - যেখানে ছিল প্রবল খাতির, প্রতিষ্ঠা ও প্রতিপত্তি। • রজনীকান্তের যৌবনের উদ্দামতা, আদর্শ, প্রেম সবই যেন স্পষ্টতা পায় সেখানে। • জীবনের হিসাব নিকাশে বিগত পঁয়তাল্লিশ বছরের অভিনয় জীবনের প্রাপ্তি আর বর্তমান জীবনের একাকীত্ব মিলেমিশে ক্ষোভ মিশ্রিত হতাশা ও অভিমানে রূপান্তরিত হয়েছে। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)	2+3=5
		অথবা	
(II)		"একটা মেয়ে! জানো কালীনাথ, একটা মেয়ে"- a) মেয়েটির পরিচয় – অজিতেশ বন্দ্যোপাধ্যায় রচিত 'নানা রঙের দিন' নাটকে – • মেয়েটি হল রজনীকান্ত চট্টোপাধ্যায়ের প্রণয়ী - বড়লোকের মেয়ে, লম্বা, ফরসা, সুন্দরী যুবতী। • যার সঙ্গে যৌবনে আলাপ অভিনয় সূত্রেই।	

		(নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 1.5 থেকে 2 নম্বর পাবে) b) রজনীকান্তের জীবনে মেয়েটির ভূমিকা - • রজনীবাবুর কাছে এই মেয়েটি 'সব ভালো' নিয়েই যেন উপস্থিত। তার কালো চোখ; অদ্ভুত চাহনি, রাশি রাশি কালো চুল। • 'আলমগীর'-এর চরিত্রে অভিনয় দেখে সম্পর্কের সূত্রপাত, ঘনিষ্ঠতা ও প্রেম। তা সত্ত্বেও যখন বিবাহের প্রসঙ্গ উত্থাপিত হয় তখন অন্তরায় হয় সেই থিয়েটার জীবনই, অভিনয় জীবনকে পরিত্যাগ করার শর্ত আরোপিত হয়। • শিল্পের প্রতি গভীরতম ভালোবাসার জন্য রজনীকান্ত সেই প্রস্তাব প্রত্যাখ্যান করলেও মেয়েটির স্মৃতি অবিবাহিত রজনীকান্তের জীবনে চিরস্থায়ী প্রভাব বিস্তার করে। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 2 থেকে 3 নম্বর পাবে)	
Q.No.		Expected Answers / Value Points	Distribution of Marks
Q.14.(I)		"আমার বাংলা" থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত) উত্তর-সংকেত: "এদিকে আরেক রকমের প্রথা আছে, নানকার প্রথা" a) নানকার প্রথা: সুভাষ মুখোপাধ্যায়ের লেখা - • 'ছাতির বদলে হাতি' গদ্যাংশে বর্ণিত একটি প্রথা। • এই প্রথায় প্রজাদের জমিতে স্বত্ব থাকত না; জমি জরিপের পর আড়াই টাকা পর্যন্ত খাজনা সাব্যস্ত হত। • অনাদায়ে শারীরিক নির্মম অত্যাচার করা হত এবং সম্পত্তি নিলামে খাস করা হত; কর্জা ধানে মহাজন দ্বিগুণ সুদ আদায় করত। (প্রাসঙ্গিক তথ্যের উল্লেখে 1.5 থেকে 2 নম্বর পাবে) b) নানকার প্রথার পরিণতি: • বিভিন্ন অঞ্চলের ডালু চাষিদের মধ্যে জাগরণ ঘটে। জমিদারের খামারে ধান না তোলার জন্য তারা বিদ্রোহ প্রকাশ করে। • পুলিশ-কাছারি পিছু হটে, চাষিরা জয়লাভ করে, জমিদারের পরাজয় হয়।	2+3=5

(II)		• বন্দরের ভদ্রলোকেরা তাদের সম্মান করে কথা বলে। মদ্যপান সমাজের চোখে অত্যন্ত লজ্জার বিষয় এটাও চাষিরা উপলব্ধি করতে পারে। (বই-এর বর্ণনা অনুযায়ী তথ্যগুলি ঠিক মতো লিখতে পারলেই পুরো 3 নম্বর পাবে) অথবা a) 'এরা' হলো - সুভাষ মুখোপাধ্যায়ের লেখা, 'মেঘের গায়ে জেলখানা' গদ্যাংশে – • 'এরা' বলতে বক্সা জেলখানায় বন্দি ফুটপাথের ছোট ছোট শিশু ও কিশোর অপরাধী যাদের অনেকেরই মুখের কথা স্পষ্ট হয়নি, তাদের বোঝানো হয়েছে। • তাদের স্কুলে ভর্তি হবার বয়স, অথচ তারা ছিঁচকে চুরি বা পকেটমারি করে বক্সা জেলখানায় এসেছে। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 1.5 থেকে 2 নম্বর পাবে) b) প্রসঙ্গ ও উক্তিটির অর্থ - • বক্সা জেলখানা বিভিন্ন ইয়ার্ডে ভাগ করা এবং তার ভিতরে পঙ্গপালের মত অনাথ শিশুদের চুরি অথবা পকেটমারির কাজে হাত পাকানোর প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে। • এই ছোট ছোট আত্মীয়-স্বজন পরিত্যক্ত শিশুরা সংশোধনের পরিবর্তে জেলখানার প্রতিকূল পরিবেশে পরবর্তীকালে সাধুচরণের মতই পাকা সিঁদেল চোর হয়ে উঠবে। • উপযুক্ত পরিবেশ পেলে তারা জীবনে প্রতিষ্ঠিত হতে পারত, অথচ পাঠশালার পরিবর্তে জেলখানায় গুণ্ডার দলে তাদের হাতেখড়ি হয়। (বই-এর বর্ণনা অনুযায়ী তথ্যগুলি ঠিক মতো লিখতে পারলে পুরো 3 নম্বর পাবে)	
Q.No.		Expected Answers / Value Points	Distribution of Marks
Q.15.		"আমার বাংলা" থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত) উত্তর-সংকেত: 'অবাক লাগল এ কেমন বাংলাদেশ' কোন্ 'বাংলাদেশ' - সুভাষ মুখোপাধ্যায় রচিত 'পাতালপুরীর রাজ্যে' –	2

		• বাংলার পশ্চিম দুয়ারের অন্তর্গত বরাকরের কথা বলা হয়েছে। • সেখানে বাঙালিয়ানার চিহ্নমাত্র নেই, দোকানে দোকানে হিন্দি হরফের সাইনবোর্ড; এবং শহরের সমস্ত লোকই প্রায় অবাঙালি হওয়ায় লেখক আক্ষেপ প্রকাশ করেছেন। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলে 1.5 থেকে 2 নম্বর পাবে) অথবা "বাংলাদেশে থাকলেও ওদের আমরা আপন করে নিইনি" 'ওদের' বলতে বোঝানো হয়েছে - সুভাষ মুখোপাধ্যায়ের লেখা 'গারো পাহাড়ের নীচে' গদ্যাংশে - • 'ওদের' বলতে গারো পাহাড়ের বাসিন্দা গারো এবং অন্যান্য উপজাতির মানুষদের কথা বলা হয়েছে। • যাদের চিরকাল তথাকথিত সভ্য, শিক্ষিত বাঙালী সমাজ অবহেলায় দূরে সরিয়ে রেখেছে। (বই-এর বর্ণনা অনুযায়ী তথ্যগুলি ঠিক মতো লিখতে পারলে 1.5 থেকে 2 নম্বর পাবে)	

Section- D (Creative Writing)

Q.No.		Expected Answers / Value Points	Distribution of Marks
Q.16.		প্রতিবেদন পড়ে প্রশ্নোত্তর (তিনটি প্রশ্ন) a) শিরোনাম – প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলে (1) নম্বর দেওয়া যেতে পারে। যেমন - রোগীর সুরক্ষায় পালকি অ্যাম্বুল্যান্সও নাজেহাল। b) পালকি অ্যাম্বুল্যান্স কাজ করে - • উত্তরবঙ্গের পার্বত্য গ্রামগুলি, যেখানে গাড়ির যাতায়াত নেই, সেখানে অসুস্থ রোগীকে পরিষেবা প্রদানে সহায়ক 'পালকি অ্যাম্বুল্যান্স'। • কেউ অসুস্থ হলে পালকি অ্যাম্বুল্যান্সে চাপিয়ে, কাঁধে করে পাহাড়ি পথ বেয়ে সমতলে নামিয়ে এনে সড়কপথে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। (এই মর্মে উত্তর লিখলে 1.5 থেকে 2 নম্বর দেওয়া যেতে পারে।) c) তিনটি বাক্যে মূল বিষয় - • পার্বত্য গ্রামগুলি থেকে অসুস্থ রোগীকে সমতলের হাসপাতালে নিয়ে যাওয়ার ক্ষেত্রে 'পালকি অ্যাম্বুল্যান্স' বিশেষ গুরুত্বপূর্ণ।	1+2+3=6

		• ২০২১ সালে 'ফ্যামিলি প্ল্যানিং অ্যাসোসিয়েশনের' সহযোগিতায় পাহাড়ি গ্রামের বাসিন্দাদের জন্য এই পালকি অ্যাম্বুল্যান্স দেওয়া হয়েছিল, কিন্তু প্রবল বৃষ্টিতে পাহাড়ি রাস্তা ধুয়ে যাওয়ার ফলে এই অ্যাম্বুল্যান্স পরিষেবা ব্যাহত হয়। • 'বক্সাদুয়ার যৌথ বনসুরক্ষা কমিটি'র তরফে ৩০০ মিটার সড়ক নির্মাণের পরিকল্পনা থাকলেও বন দফতরকে কোনো লিখিত আবেদন না দেওয়ায় তা এখনও কার্যকরী হয়নি। (এই মর্মে উত্তর লিখলে 2.5 থেকে 3 নম্বর দেওয়া যেতে পারে।)	
Q.No.		Expected Answers / Value Points	Distribution of Marks
Q.17.		বিজ্ঞাপন রচনা – উত্তর-সংকেত : • বিষয়ানুগ শিরোনাম ও বক্স নির্মাণ (আবশ্যিক)— [2+1 নম্বর] • মূল বক্তব্যবিষয় ও উপস্থাপনা - [3 নম্বর] ➢ পঞ্চাশটি শব্দের মধ্যে বাক্য/বাক্যাংশ দ্বারা প্রদত্ত বিষয়ের উপর আলোকপাত। ➢ বিষয়ানুসারী ঠিকানা ও যোগাযোগের নম্বর উল্লেখ। ➢ প্রয়োজনে চিত্রের ব্যবহার করা যেতে পারে, তবে তা আবশ্যিক নয়। ➢ প্রয়োজনে কাল্পনিক নাম ব্যবহার করতে হবে। (বিজ্ঞাপন রচনায় পরীক্ষার্থী নিজের প্রকৃত নাম, ঠিকানা ও বিদ্যালয়ের নাম ব্যবহার করতে পারবে না।) (শিরোনাম, আঙ্গিক ও বিষয় উপস্থাপনা যথাযথ হলে 5 থেকে 6 নম্বর দেওয়া যেতে পারে।)	6